

# ইসিপিএস-এ তালিকাভুক্তিকরণ নির্দেশিকা ১.০



বাংলাদেশ প্রফেশনাল ইঞ্জিনিয়ার্স রেজিস্ট্রেশন বোর্ড (বিপিইআরবি)

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)

[www.bperb-ieb.org.bd](http://www.bperb-ieb.org.bd)

আগস্ট ২০২৩

# বিপিইআরবি-আইইবি কর্তৃক রাজউক-এর ইসিপিএস-এ নাম নিবন্ধন সংক্রান্ত নির্দেশিকা- ১.০

## ১.০ ভূমিকা:

রাজউক-এর আওতায় ইমারতের নকশা প্রণয়নের সাথে সম্পর্কিত কারিগরি ব্যক্তি হিসেবে যারা বাস্তব ক্ষেত্রে কাজ করছেন তাঁদের যোগ্যতা যাচাইয়ের জন্য একটি ব্যবস্থা আইইবি'র তত্ত্বাবধানে বিপিইআরবি'র মাধ্যমে ২০০৭ সাল থেকে চালু ছিল। এই ব্যবস্থায় ঢাকা মহানগর ইমারত নির্মাণ বিধিমালা, ২০০৬ (ডিএমআইএনবি, ২০০৬) ও পরবর্তীতে প্রবর্তিত ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা, ২০০৮-এর আওতায় যারা কাঠামোগত নকশাসহ বৈদ্যুতিক, প্লাস্টিং ইত্যাদি নকশা প্রণয়ন বা নির্মাণ তদারকি সেবা প্রদানে আগ্রহী, বিপিইআরবি কর্তৃক গঠিত একটি কমিটির অধীনে প্রয়োজনীয় পরীক্ষার মাধ্যমে যোগ্যতা ও সক্ষমতা যাচাই করে তাঁদেরকে সনদ আকারে একটি নাম্বার প্রদান করা হত -- যা সংক্ষেপে ডিএমআইএনবি নাম্বার হিসেবে পরিচিতি পেয়েছিল। বিপিইআরবি সুপারিশকৃত এই নাম্বারটি আইইবি'র মাধ্যমে রাজউক-এ প্রেরণ করা হত। এই প্রক্রিয়ায় এ যাবৎ ৬১৬ জন ডিএমআইএনবি নাম্বার গ্রহণকরতঃ রাজউক-এর আওতায় ইমারতের নকশা প্রণয়ন বা নির্মাণ তদারকি করে যাচ্ছেন। তবে এই সনদের কার্যকারিতা অব্যাহত রাখার প্রশ্নে একটি শর্ত আরোপিত ছিল যে, সংশ্লিষ্ট প্রকৌশলীকে সনদ প্রাপ্তির এক বছরের মধ্যে পিইঞ্জ রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। ঐ স্বল্প সময়ের মধ্যে পিইঞ্জ রেজিস্ট্রেশন সম্পন্নের শর্ত প্রতিপালন অনেকের জন্যই সহজসাধ্য ছিল না বিধায় ডিএমআইএনবি নাম্বার প্রাপ্তির আগ্রহে ক্রমান্বয়ে ভাটা পড়ে এবং এতদসংক্রান্ত বিপিইআরবি'র কার্যক্রম স্তিমিত হয়ে পড়ে।

## ২.০ প্রেক্ষাপট:

রাজউক বিগত ২০১৮ সালে বিশ্বব্যাংকের অর্থায়নে আরবান রেজিলিয়েন্স প্রজেক্ট বা ইউআরপি শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করে যাতে

বাংলাদেশে ইমারত নির্মাণ-সংশ্লিষ্ট কারিগরি ব্যক্তিবর্গ তৎসময়ে চলমান (পরবর্তীতে প্রবর্তিত) বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড-২০২০ বা বিএনবিসি-২০২০ সম্পর্কে সম্যক ধারণা লাভ করার মাধ্যমে নির্মাণ কাঠামোগত নিত্য-নতুন চাহিদা সম্পর্কে তাঁদের জ্ঞান ও সক্ষমতা বৃদ্ধি এবং হালনাগাদ করতে পারেন এবং আইইবি'র আওতায় বিপিইআরবি'র মাধ্যমে ইমারত নির্মাণ-সংশ্লিষ্ট বিভিন্ন শ্রেণি বা ক্যাটেগরিতে নিবন্ধিত হতে পারেন। সে লক্ষ্যে ইউআরপি'র পরামর্শক প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল কোড কাউন্সিল--আইসিসি'র সাথে একটি চুক্তিতে আবদ্ধ হয় যেখানে উক্ত প্রশিক্ষণের বিষয়টি অন্তর্ভুক্ত থাকে।

২.১ রাজউক ২০২১ সালের ১৯ সেপ্টেম্বর তারিখে আইইবি'র সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করে। রাজউক ইলেকট্রনিক কনস্ট্রাকশন পারমিটিং পদ্ধতি বা ইসিপিএস-এর মাধ্যমে ভূমি ব্যবহার ছাড়পত্র, নির্মাণ অনুমতি ও অনাপত্তি সনদ সংক্রান্ত আবেদনের প্রক্রিয়াকরণ এবং সমন্বয়ের জন্য এক-স্থানিক (ওয়ান-স্টপ) সেবা প্রদানের সক্ষমতা অর্জনে আগ্রহী। এ সমঝোতা স্মারকের যৌক্তিকতা হিসেবে একটি প্যানেল অব এক্সপার্ট কর্তৃক সুনির্দিষ্ট প্রক্রিয়ার মাধ্যমে যোগ্যতা নিশ্চিতপূর্বক প্রকৌশলীর তালিকা ইসিপিএস-এ প্রদানের জন্য জাতীয়ভাবে স্বীকৃত প্রকৌশল পেশাজীবী প্রতিষ্ঠান হিসেবে আইইবিকে সংযুক্ত করা হয়। রাজউক আশা করে, এর ফলে ইমারত নির্মাণ শিল্প সম্পর্কে জনমনে আস্থা ও বিশ্বাস ফিরে আসবে।

২.২ কোভিড-১৯ অতিমারীর কারণে আইসিসি পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রমের শুরু বিলম্বিত হয়। আইইবি'র একজন ভাইস-প্রেসিডেন্টের তত্ত্বাবধানে একটি কমিটি ঐ প্রশিক্ষণ কার্যক্রমের সমন্বয় করে। ২০২২ সালে শুরু হওয়া উক্ত প্রশিক্ষণে দৈনিক তিন ঘন্টা ব্যাপী মোট ৪৮টি অন-লাইন ক্লাস অনুষ্ঠিত হয় ও প্রতিক্লাস শেষে বিএনবিসি'র সংশ্লিষ্ট বিষয়ে এমসিকিউ কুইজ গ্রহণ করা হয় এবং ৭০% নম্বর প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণার্থীকে ওয়েবিনার-এ অংশগ্রহণকারী হিসেবে সনদ প্রদান করা হয়। প্রশিক্ষণ কর্মসূচি শেষে প্রশিক্ষণার্থীদের জন্য আইইবি'র অনুরোধে বুয়েট-এ একটি ওপেন-বুক

লিখিত পরীক্ষা গ্রহণ করা হয়। সকল প্রশিক্ষার্থীর জন্য এই পরীক্ষা উন্মুক্ত থাকলেও পরীক্ষাটিতে কেবল ৫০৭ জন রেজিস্ট্রেশন করেন এবং ৩৩৬ জন অংশগ্রহণ করেন যদিও মূল প্রশিক্ষণ কর্মসূচিতে কম-বেশি ১০০০ জন প্রকৌশলী অংশগ্রহণ করেছিলেন যাদের মধ্যে পিইঞ্জ রেজিস্ট্রেশনকৃত ও ডিএমআইএনবি নাম্বারধারী প্রকৌশলীগণও ছিলেন। ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ বা ইএসসিবি'র তত্ত্বাবধানে ৯০ নম্বরের উপর অনুষ্ঠিত ঐ পরীক্ষার ফলাফল বুয়েট থেকে ইএসসিবিতে প্রেরণ করা হয়। প্রশিক্ষণটি সংশ্লিষ্ট প্রকৌশলীদের জন্য খুবই গুরুত্বপূর্ণ ও কার্যকরী ছিল বিধায় অনুরূপ প্রশিক্ষণ ও লিখিত পরীক্ষা মূল্যায়ণ প্রক্রিয়া চলমান রাখার প্রয়োজনীয়তা উপলব্ধি করা হয়।

২.৩ স্ট্রাকচারাল ডিজাইনের ব্যবহারিক প্রয়োগের ক্ষেত্রে সুসংগঠিত তথ্য ও জ্ঞানের পাশাপাশি অভিজ্ঞতা, দক্ষতা ও পরিপক্বতার সমন্বয়ের প্রয়োজন রয়েছে। তাত্ত্বিক ও প্রায়োগিক দুটো ভিন্ন বিষয় বিধায় একটি স্থাপনা ডিজাইন ও নির্মাণের ক্ষেত্রে মুখোমুখি হওয়া বাস্তব সমস্যা সমাধানের জন্য একজন প্রকৌশলীকে তাঁর মেধা ও জ্ঞানকে কাজে লাগানোর পাশাপাশি তাঁর অভিজ্ঞতা, দক্ষতা ও মানসিক পরিপক্বতার পরিচয় দিতে হয়। একজন প্রকৌশলী যখন একটি স্থাপনা ডিজাইন করে তাতে স্বাক্ষর করেন তখন তাঁকে সেই স্থাপনার সার্বিক গঠনশৈলীর নিরাপত্তার বিষয়টি নিজের কাঁধে নিতে হয় যা অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ সেই স্থাপনা ও তাতে বসবাসকারী প্রতিটি জীবনের নিরাপত্তার বিষয়টি এর সাথে ওতপ্রোতভাবে জড়িত। এই জন্য রেজিস্ট্রেশন প্রদানের মূল্যায়ণ প্রক্রিয়াতে তাঁর নিজের সম্পন্নকৃত ডিজাইনের অ্যাসেসমেন্টসহ মাসিক পরীক্ষা গ্রহণ প্রয়োজন।

২.৪ রাজউক ও আইইবি'র মধ্যে ২০২১ সালে সম্পাদিত সমঝোতা স্মারক মোতাবেক রাজউক এলাকায় টেকসই ও ভূমিকম্প সহনীয় ভবন নির্মাণের লক্ষ্যে কর্তৃপক্ষের নিকট নকশা অনুমোদন আবেদন দাখিলের জন্য প্রয়োজনীয় ইলেকট্রনিক কনস্ট্রাকশন পারমিটের (ইসিপি) নিবন্ধন বিপিইআরবি'র সার্বিক মূল্যায়নের ভিত্তিতে আইইবি অনুমোদন করবে।

অনুমোদনকৃত নিবন্ধন পরবর্তী কার্যক্রমের জন্য রাজউকে প্রেরণ করা হবে। এই লক্ষ্যে আইইবি একটি নিজস্ব মূল্যায়ন পদ্ধতি অনুসরণ করবে যেখানে পূর্বে প্রদত্ত ডিএমআইএনবি নিবন্ধনকে হালনাগাদ করার বিষয়টিও অন্তর্ভুক্ত করা হয়েছে। এ ব্যবস্থা ইউআরপি প্রকল্পের চলমান কার্যক্রমকে সমর্থন করে এবং প্রকল্প-পরবর্তী সময়ে তা নিরবচ্ছিন্নভাবে চলমান রাখার বিষয়টি অন্তর্ভুক্তিমূলকভাবে বিবেচনায় আনা হয়েছে। ইসিপি'র জন্য নিবন্ধনপ্রাপ্ত প্রকৌশলীবৃন্দ নিজ নিজ অভিজ্ঞতার আলোকে Registered Structural Engineer (রেজি. স্ট্রাক্ট-ই), Registered Geotechnical Engineer (রেজি. জিওটেক-ই), Registered Building Services Engineer (Electrical, EME, Plumbing, Fire Service and Civil Defence) [রেজি. বিল্ডিং সার্ভিসেস-ই(বিদ্যুৎ/ইএমই/প্লাম্বিং/অগ্নি-নিরাপত্তা)] হিসেবে পরিচিত হবেন। এই সর্বোচ্চ তিনটি ধাপে পৌঁছানোর একটি পথরেখা আইইবি প্রণয়ন করেছে। প্রকল্প পরবর্তী সময়ে ভবিষ্যতে নিবন্ধন প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ অব্যাহত রাখার স্বার্থে ইএসসিবি'র তত্ত্বাবধানে বুয়েট বা স্বীকৃত অন্যান্য প্রতিষ্ঠানের স্বনামধন্য রিসোর্স-পারসন মারফত মূল্যায়ন করার বিষয়টি বিবেচনা করা হয়েছে।

### ৩.০ ইসিপিএস-এ তালিকাভুক্তকরণের নির্দেশিকা:

রাজউক অতিশীঘ্রই নতুন করে ইসিপি পদ্ধতি চালু করতে যাচ্ছে। এর প্রকল্পের মাধ্যমে আগ্রহী প্রকৌশলীদেরকে প্রশিক্ষণ প্রদান করেছে এবং ইসিপি পদ্ধতির উন্নয়নে আইইবি'র সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। সম্পাদিত সমঝোতা স্মারক অনুযায়ী প্রকল্পের আওতায় প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্য থেকে যোগ্য রেজি. স্ট্রাক্ট-ই, জিওটেক-ই, বিল্ডিং সার্ভিসেস-ই(বিদ্যুৎ/ ইএমই /প্লাম্বিং/অগ্নি-নিরাপত্তা)-গণের তালিকা প্রণয়নের জন্য এই গাইডলাইন বা নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে (নির্দেশিকা-১.০)। উল্লেখ্য বিএনবিসি ২০২০-এ নিষ্প্রয়োজনীয় বা অনুল্লিখিত থাকলেও ইমারতের যথাযথ নিরাপত্তার স্বার্থে এ নির্দেশিকায় মৃত্তিকা অনুসন্ধানের ক্ষেত্রে জিও-টেকনিক্যাল ইঞ্জিনিয়ারদের ও অগ্নি-নিরাপত্তার ক্ষেত্রে তদ্বিষয়ক বিশেষজ্ঞদের

সম্পূর্ণ করা হয়েছে; তবে নির্মাণ তদারকি, ইমারত অপসারণ বা সমাপ্তি প্রতিবেদন প্রস্তুতকারীদের জন্য পৃথক কোন বাছাই প্রক্রিয়া এতে এই পর্যায়ে অন্তর্ভুক্ত করা হয়নি। পরবর্তী সময়ে অন্যান্য বিল্ডিং সার্ভিসেস প্রকৌশলীদের ভবিষ্যৎ তালিকাভুক্তিকরণ প্রক্রিয়ার জন্য নির্দেশিকা প্রণীত হবে।

৩.১ নির্দেশিকা ১.০ অনুযায়ী ইসিপিএস-এ তালিকাভুক্তির জন্য নিম্নলিখিত কয়েকটি ক্ষেত্র যথাযথ গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়েছে:

- (১) আইসিসি কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণ
- (২) আইসিসি কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণ শেষে বুয়েটে অনুষ্ঠিত পরীক্ষায় অংশগ্রহণ
- (৩) বিপিইআরবি কর্তৃক প্রদত্ত পিইঞ্জ রেজিস্ট্রেশন
- (৪) বিপিইআরবি কর্তৃক প্রদত্ত ডিএমআইএনবি নাম্বার
- (৫) বিএনবিসি-২০২০ অনুযায়ী সংশ্লিষ্ট ক্ষেত্রের ন্যূনতম যোগ্যতা
- (৬) প্রতিষ্ঠিত/স্বনামধন্য স্ট্রাকচারাল ও জিওটেকনিক্যাল ডিজাইনার এবং বিল্ডিং সার্ভিসেস প্রকৌশলীদের পেশাগত অভিজ্ঞতা ও উচ্চতর শিক্ষাগত যোগ্যতা

৩.২ উপরোক্ত বিষয়গুলো বিবেচনাপূর্বক নিম্নবর্ণিত পদ্ধতিতে নম্বর বিন্যাস করা হয়েছে যার প্রতিটি ক্ষেত্রের জন্য ন্যূনপক্ষে ৭০% নম্বর প্রাপ্তি সাপেক্ষে বিবেচ্য ব্যক্তিকে রেজিস্টার্ড স্ট্রাক্ট-ই, জিওটেক-ই, বিল্ডিং সার্ভিসেস-ই (বিদ্যুৎ/ ইএমই/প্লাম্বিং/অগ্নি-নিরাপত্তা) হিসেবে রেজিস্ট্রেশন প্রদান করা হবে:

(ক) আইসিসি পরিচালিত প্রশিক্ষণ প্রাপ্তদের অ্যাসেসমেন্ট পদ্ধতিঃ

- (১) আইসিসি প্রশিক্ষণলব্ধ অন-লাইন সার্টিফিকেট প্রতিটির জন্য ৩ নম্বর হারে সর্বোচ্চ ১২০ নম্বর
- (২) আইসিসি প্রশিক্ষণ শেষে বুয়েটে অনুষ্ঠিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের দেড়গুণ হারে সর্বোচ্চ ৯০ নম্বর
- (৩) (অ) প্রকৌশলগত চাকরির অভিজ্ঞতার প্রতিবছরের জন্য ৩ নম্বর হারে সর্বোচ্চ ৪৫ নম্বর;

(আ) গত ৪ বছরে সম্পন্নকৃত ২টি ইমারতের ডিটেইলড স্ট্রাকচারাল/জিওটেকনিক্যাল ডিজাইন, অথবা প্রযোজ্য ক্ষেত্রে ডিটেইলড বিল্ডিং সার্ভিসেস (বিদ্যুৎ/ইএমই/প্লাম্বিং/ অগ্নি-নিরাপত্তা) ডিজাইনের প্রতিটির জন্য ৬০ নম্বর হারে সর্বোচ্চ ১২০ নম্বরের উপর অ্যাসেসমেন্ট এবং তৎপূর্বে সম্পন্নকৃত ন্যূনপক্ষে ৩টি অনুরূপ ডিজাইনের প্রতিটির জন্য ৪৫ নম্বর হারে সর্বোচ্চ ১৩৫ নম্বরের উপর অ্যাসেসমেন্ট;

(ই) উল্লিখিত ৩(আ)-এ বরাদ্দকৃত মোট নম্বরের মধ্যে ন্যূনপক্ষে ৫০% নম্বর অর্জন করতে হবে।

(৪) মোট সর্বোচ্চ ৫১০ নম্বরের মধ্যে ৭০% নম্বর প্রাপ্তদেরকে রেজিস্টার্ড স্ট্রাক্ট-ই/জিওটেক-ই/বিল্ডিং সার্ভিসেস-ই শ্রেণির মধ্য থেকে বিএনবিসি, ২০২০-এর আলোকে রাজউকের চাহিদা অনুযায়ী উপযুক্ত ক্যাটেগরিতে [রেজি. স্ট্রাক্ট-ই ক্যাটেগরি-IV/III/II; রেজি. জিওটেক-ই ক্যাটেগরি-IV/III/II; রেজি. বিল্ডিং সার্ভিসেস-ই (বিদ্যুৎ /ইএমই /প্লাম্বিং/অগ্নি-নিরাপত্তা)] রেজিস্ট্রেশন প্রদানের জন্য বিবেচনা করা হবে।

(খ) পিইঞ্জ রেজিস্ট্রেশন/ডিএমআইএনবি নাম্বারধারীদের অ্যাসেসমেন্ট পদ্ধতিঃ

(১) আইসিসি প্রশিক্ষণলব্ধ অন-লাইন সার্টিফিকেট প্রতিটির জন্য ৩ নম্বর হারে সর্বোচ্চ ১২০ নম্বর

(২) আইসিসি প্রশিক্ষণ শেষে বুয়েটে অনুষ্ঠিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের দেড়গুণ হারে সর্বোচ্চ ৯০ নম্বর

(৩) (অ) প্রকৌশলগত চাকরির অভিজ্ঞতার প্রতিবছরের জন্য ৩ নম্বর হারে সর্বোচ্চ ৪৫ নম্বর;

(আ) গত ৪ বছরে সম্পন্নকৃত ২টি ইমারতের ডিটেইলড স্ট্রাকচারাল/জিওটেকনিক্যাল ডিজাইন, অথবা

প্রযোজ্য ক্ষেত্রে ডিটেইলড বিল্ডিং সার্ভিসেস (বিদ্যুৎ/ইএম/প্লাম্বিং/ অগ্নি-নিরাপত্তা) ডিজাইনের প্রতিটির জন্য ৬০ নম্বর হারে সর্বোচ্চ ১২০ নম্বরের উপর অ্যাসেসমেন্ট এবং তৎপূর্বে সম্পন্নকৃত ন্যূনপক্ষে ৩টি অনুরূপ ডিজাইনের প্রতিটির জন্য ৪৫ নম্বর হারে সর্বোচ্চ ১৩৫ নম্বরের উপর অ্যাসেসমেন্ট;

(ই) উল্লিখিত ৩(আ)-এ বরাদ্দকৃত মোট নম্বরের মধ্যে ন্যূনপক্ষে ৫০% নম্বর অর্জন করতে হবে।

(৪) সংশ্লিষ্ট ডিসিপ্লিনে পিইঞ্জ রেজিস্ট্রেশনের জন্য সর্বোচ্চ ৫০ নম্বর

(৫) সংশ্লিষ্ট বিষয়ে ডিএমআইএনবি নামাধারীদের জন্য সর্বোচ্চ ১৫০ নম্বর

(৬) মোট সর্বোচ্চ ৭১০ নম্বরের মধ্যে ৭০% নম্বর প্রাপ্তদেরকে রেজিস্টার্ড স্ট্রাক্ট-ই/জিওটেক-ই/বিল্ডিং সার্ভিসেস-ই শ্রেণির মধ্য থেকে বিএনবিসি, ২০২০-এর আলোকে রাজউকের চাহিদা অনুযায়ী উপযুক্ত ক্যাটেগরিতে [রেজি. স্ট্রাক্ট-ই ক্যাটেগরি-IV/III/II; রেজি. জিওটেক-ই ক্যাটেগরি-IV/III/II; রেজি.বিল্ডিং সার্ভিসেস-ই (বিদ্যুৎ/ইএমই/প্লাম্বিং/অগ্নি-নিরাপত্তা)] রেজিস্ট্রেশন প্রদানের জন্য বিবেচনা করা হবে।

(গ) প্রতিষ্ঠিত/স্বনামধন্য স্ট্রাকচারাল/জিওটেকনিক্যাল ডিজাইনার ও বিল্ডিং সার্ভিসেস প্রকৌশলীদের অ্যাসেসমেন্ট পদ্ধতিঃ

(১) গত ৪ বছরে সম্পন্নকৃত ২টি ইমারতের ডিটেইলড স্ট্রাকচারাল/জিওটেকনিক্যাল ডিজাইন, অথবা প্রযোজ্য ক্ষেত্রে ডিটেইলড বিল্ডিং সার্ভিসেস (বিদ্যুৎ/ইএমই/প্লাম্বিং/অগ্নি-নিরাপত্তা) ডিজাইনের প্রতিটির জন্য ৭৫ নম্বর হারে সর্বোচ্চ ১৫০ নম্বরের উপর অ্যাসেসমেন্ট এবং তৎপূর্বে সম্পন্নকৃত



নূন্যপক্ষে ৩টি অনুরূপ ডিজাইনের প্রতিটির জন্য ৫০ নম্বর হারে সর্বোচ্চ ১৫০ নম্বরের উপর অ্যাসেসমেন্ট; তবে এ ক্ষেত্রে সর্বমোট বরাদ্দকৃত ৩০০ নম্বরের মধ্যে নূন্যপক্ষে ৫০% নম্বর অর্জন করতে হবে।

- (২) সংশ্লিষ্ট ডিসিপ্লিনে পিইঞ্জ রেজিস্ট্রেশনের জন্য সর্বোচ্চ ৫০ নম্বর
- (৩) সংশ্লিষ্ট বিষয়ে ডিএমআইএনবি নাম্বারধারীদের জন্য সর্বোচ্চ ১৫০ নম্বর
- (৪) সংশ্লিষ্ট বিষয়ে এমএস ডিগ্রির জন্য সর্বোচ্চ ১০০ নম্বর
- (৫) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রির জন্য সর্বোচ্চ ২০০ নম্বর
- (৬) বিশ বছরের অধিক স্ট্রাকচারাল ডিজাইন, জিওটেকনিক্যাল ডিজাইন ও বিল্ডিং সার্ভিসেস ডিজাইনারদের অভিজ্ঞতার ক্ষেত্রে প্রতিবছরের জন্য ১০ নম্বর হারে সর্বোচ্চ ৩০০ নম্বর
- (৭) মোট সর্বোচ্চ ১১০০ নম্বরের মধ্যে ৭০% নম্বর প্রাপ্তদেরকে রেজিস্টার্ড স্ট্রাক্ট-ই/জিওটেক-ই/বিল্ডিং সার্ভিসেস-ই শ্রেণির মধ্য থেকে বিএনবিসি, ২০২০-এর আলোকে রাজউকের চাহিদা অনুযায়ী উপযুক্ত ক্যাটেগরিতে [রেজি. স্ট্রাক্ট-ই ক্যাটেগরি-IV/III/II; রেজি. জিওটেক-ই ক্যাটেগরি-IV/III/II; রেজি. বিল্ডিং সার্ভিসেস-ই (বিদ্যুৎ/ইএমই/প্লাম্বিং/অগ্নি-নিরাপত্তা)] রেজিস্ট্রেশন প্রদানের জন্য বিবেচনা করা হবে।

## ৪.০ ভবিষ্যৎ রেজিস্ট্রেশন প্রদান পদ্ধতি:

ইসিপিএস-এ তালিকাভুক্তির বর্তমান প্রক্রিয়া সমাপ্ত হলে পরবর্তী সময়ে ভবিষ্যৎ তালিকাভুক্তিকরণ প্রক্রিয়ার জন্য নির্দেশিকা প্রণয়ন করা হবে।

8.1 ভবিষ্যতে নিবন্ধন প্রদানের লক্ষ্যে যে বিষয়টির উপর গুরুত্ব আরোপ করা হবে তা হলো বিএনবিসি এবং ইমারতের স্ট্রাকচারাল ডিজাইন, নির্মাণ নিরাপত্তা ও সংরক্ষণ বিষয়ে নিত্য-নতুন কৌশল উদ্ভাবন ও প্রবর্তন সম্পর্কে প্রশিক্ষণ। এছাড়া, স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমাণ হিসেবে একজন পেশাদার প্রকৌশলী কর্তৃক সম্পন্নকৃত প্রকল্পের অ্যাসেসমেন্টও ভবিষ্যৎ নিবন্ধন প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। প্রকল্প-পরবর্তী সময়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ অব্যাহত রাখার উদ্দেশ্যে ইএসসিবি'র তত্ত্বাবধানে বুয়েট বা অন্যান্য স্বীকৃত প্রতিষ্ঠানের স্বনামধন্য রিসোর্স-পারসন ব্যবহার করার বিষয়টি বিবেচনা করা হবে।

8.2 উক্তরূপ প্রেক্ষাপটে নিম্নলিখিত গাইডলাইন বা নির্দেশনা স্থির করা হয়েছে:

রেজিস্টার্ড স্ট্রাক্ট-ই/জিওটেক-ই/বিল্ডিং সার্ভিসেস-ই (বিদ্যুৎ/ইএমই /প্লাম্বিং/অগ্নি-নিরাপত্তা) হিসেবে ভবিষ্যৎ রেজিস্ট্রেশন প্রদান পদ্ধতি:

- (১) সংশ্লিষ্ট বিষয়ে এমএসসি ডিগ্রির জন্য সর্বোচ্চ ১০০ নম্বর।
- (২) প্রকল্প পরবর্তী সময়ে ইএসসিবি'র তত্ত্বাবধানে গৃহীত প্রশিক্ষণে প্রাপ্ত সার্টিফিকেটের ভিত্তিতে সর্বোচ্চ ২০০ নম্বর।
- (৩) (অ) প্রকৌশলগত চাকরির অভিজ্ঞতার প্রতিবছরের জন্য ৩ নম্বর হারে সর্বোচ্চ ৪৫ নম্বর;  
(আ) গত ৪ বছরে সম্পন্নকৃত ২টি ইমারতের ডিটেইলড স্ট্রাকচারাল / জিওটেকনিক্যাল ডিজাইন, অথবা প্রযোজ্য ক্ষেত্রে ডিটেইলড বিল্ডিং সার্ভিসেস (বিদ্যুৎ / ইএমই /প্লাম্বিং /অগ্নি-নিরাপত্তা) ডিজাইনের প্রতিটির জন্য ৬০ নম্বর হারে সর্বোচ্চ ১২০ নম্বরের উপর অ্যাসেসমেন্ট এবং তৎপূর্বে সম্পন্নকৃত ন্যূনপক্ষে ৩টি অনুরূপ

ডিজাইনের প্রতিটির জন্য ৪৫ নম্বর হারে  
সর্বোচ্চ ১৩৫ নম্বরের উপর অ্যাসেসমেন্ট;

(ই) উল্লিখিত ৩(আ)-এ বরাদ্দকৃত মোট নম্বরের মধ্যে  
ন্যূনপক্ষে ৫০% নম্বর অর্জন করতে হবে।

(৪) সংশ্লিষ্ট ডিসিপ্লিনে পিইঞ্জ রেজিস্ট্রেশনের জন্য সর্বোচ্চ ১০০  
নম্বর।

(৫) মোট সর্বোচ্চ ৭০০ নম্বরের মধ্যে ৭০% নম্বর প্রাপ্তদেরকে  
রেজিস্টার্ড স্ট্রাক্ট-ই/জিওটেক-ই/বিল্ডিং সার্ভিসেস-ই শ্রেণির  
মধ্য থেকে বিএনবিসি, ২০২০-এর আলোকে রাজউকের  
চাহিদা অনুযায়ী উপযুক্ত ক্যাটেগরিতে [রেজি. স্ট্রাক্ট-ই  
ক্যাটেগরি-IV/III/II; রেজি. জিওটেক-ই ক্যাটেগরি-  
IV/III/II; রেজি. বিল্ডিং সার্ভিসেস-ই (বিদ্যুৎ/ইএমই  
/প্লাম্বিং/অগ্নি-নিরাপত্তা)] রেজিস্ট্রেশন প্রদানের জন্য  
বিবেচনা করা হবে।

#### ৫.০ যোগ্যতা:

একজন প্রকৌশলীকে রেজিস্টার্ড স্ট্রাক্ট-ই/জিওটেক-ই/বিল্ডিং  
সার্ভিসেস-ই (বিদ্যুৎ/ইএমই/প্লাম্বিং/ অগ্নি-নিরাপত্তা) হিসেবে রেজিস্ট্রেশন  
প্রাপ্তির জন্য নিম্নলিখিত বিষয়গুলো অবশ্যই প্রতিপালিত হতে হবে:

(১) তাঁকে অবশ্যই আইইবি'র একজন করপোরেট সদস্য হতে  
হবে।

(২) তাঁকে তাঁর জন্য প্রযোজ্য স্ট্রাকচারাল / জিওটেকনিক্যাল/  
বিল্ডিং সার্ভিসেস (বিদ্যুৎ / ইএমই / প্লাম্বিং / অগ্নি-নিরাপত্তা)  
ডিজাইন সম্পর্কিত বিএনবিসি'র সংশ্লিষ্ট শর্তাবলি পূরণ  
করতে হবে।

(৩) তাঁকে বিগত ৪ বছরে সম্পন্নকৃত ২টিসহ সমগ্র পেশাগত  
জীবনে মোট ৫টি ডিটেইলড স্ট্রাকচারাল/জিওটেকনিক্যাল  
ডিজাইন, অথবা প্রযোজ্য মতে ডিটেইলড বিল্ডিং সার্ভিসেস  
(বিদ্যুৎ/ইএমই/প্লাম্বিং/অগ্নি-নিরাপত্তা) ডিজাইন জমা দিতে

হবে যার মধ্যে বেজমেন্ট সম্বলিত অন্তত ১টি হাইরাইজ ইমারতের সংশ্লিষ্ট ডিজাইন থাকবে।

- (৪) আইসিসি কর্তৃক প্রশিক্ষণ প্রাপ্ত হলে তাঁকে প্রশিক্ষণলব্ধ সকল সার্টিফিকেট জমা দিতে হবে।
- (৫) নিজ স্বাক্ষরিত তাঁর একটি পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত জমা দিতে হবে।
- (৬) সনদ প্রাপ্তির ৩ বছরের মধ্যে তাঁকে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে পিইঞ্জ রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে; অন্যথায় এই নীতিমালার আওতায় প্রদত্ত রেজিস্ট্রেশনের কার্যকারিতা স্থগিত হয়ে যাবে।
- (৭) পিইঞ্জ রেজিস্ট্রেশন সম্পন্ন হলে তাঁকে প্রতি পঞ্জিকাবর্ষে ন্যূনপক্ষে ৩০ ঘন্টার সিপিডি সম্পন্নের সনদ জমা দিতে হবে।

৫.১ উক্তরূপ রেজিস্ট্রেশন প্রাপ্তিতে আগ্রহী প্রকৌশলীদেরকে প্রযোজ্য ফি ও অ্যাসেসমেন্টের জন্য সংশ্লিষ্ট সংযুক্তিসহ নির্ধারিত ফরমে বিপিইআরবিতে আবেদন জমা দিতে হবে। জমাকৃত কাগজ-পত্রাদি যাচাই-অস্তে একটি বিশেষজ্ঞ প্যানেল কর্তৃক আগ্রহী প্রকৌশলীদের প্রকল্পের বিষয়ে তাঁদের সাথে আলোচনাপূর্বক অ্যাসেসমেন্ট করে উপযুক্ত বিবেচিত হলে তাঁর জন্য প্রযোজ্য ক্যাটেগরিতে রেজিস্ট্রেশন প্রদান করা হবে।

**বাংলাদেশ প্রফেশনাল ইঞ্জিনিয়ার্স রেজিস্ট্রেশন বোর্ড (বিপিইআরবি)**

ঠিকানা : শহীদ প্রকৌশলী ভবন, আইইবি সদর দপ্তর (১৪ তলা), রমনা, ঢাকা-১০০০

ফোন : +৮৮০২২২৩৩৮২৯৩৬

ইমেল : bperb.ieb@gmail.com ; registrar@bperb.org

ওয়েব সাইট : www.bperb.org/web